

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩০. প্রবৃত্তি থেকে বেঁচে থাকা সম্পর্কে

بَابٌ فِي اجْتِنَابِ الْأَهْوَاءِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الصَّلْتِ، حَدَّثَنَا مَنْصُورٌ هُوَ ابْنُ أَبِي الْأَسْوَدِ، عَنِ الْحَارِثِ بْنِ حَصِيرَةَ، عَنْ أَبِي صَادِقِ الْأَزْدِيِّ، عَنْ رَبِيعَةَ بْنِ نَاجِذِ، قَالَ: قَالَ عَلِيُّ رَضِيَ اللَّهُ عَنْهُ، " كُونُوا فِي النَّاسِ كَالنَّحْلَةِ فِي الطَّيْرِ: إِنَّهُ لَيْسَ مِنَ الطَّيْرِ شَيْءٌ إِلَّا وَهُوَ يَسْتَضْعِفُهَا، وَلَوْ كُونُوا فِي النَّاسِ كَالنَّحْلَةِ فِي الطَّيْرِ: إِنَّهُ لَيْسَ مِنَ الطَّيْرِ شَيْءٌ إِلَّا وَهُوَ يَسْتَضْعِفُهَا، وَلَوْ يَعْلَمُ الطَّيْرُ مَا فِي أَجْوَافِهَا مِنَ الْبَرَكَةِ، لَمْ يَفْعَلُوا ذَلِكَ بِهَا، خَالِطُوا النَّاسَ بِأَلْسِنَتِكُمْ وَأَجْسَادِكُمْ، وَزَايلُوهُمْ بِأَعْمَالِكُمْ وَقُلُوبِكُمْ، فَإِنَّ لِلْمَرْءِ مَا اكْتَسَبَ، وَهُوَ يَوْمَ الْقِيَامَةِ مَعَ مَنْ أَحْبَ

إسناده صحيح وهو موقوف على علي

বাংলা

৩২০. রবীয়াহ ইবনু নাজিয় থেকে বর্ণিত, তিনি বলেন, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: তোমরা মানুষের মাঝে এমন হও, পক্ষীকুলের মাঝে মৌমাছি যেমন। সকল পাখিই তাকে (মৌমাছিকে) তারা সবচেয়ে দুর্বল মনে করে। আর মৌমাছির পেটের মধ্যে কী বরকত নিহিত রয়েছে, তা যদি পাখিরা জানতো, তবে মৌমাছিকে তারা এমন (মনে) করতো না। তোমরা মানুষের সাথে জিহবা (কথা-বার্তা) ও শরীর (লেন-দেন) দ্বারা মেলামেশা কর। কিন্তু তোমাদের আ'মল ও তোমাদের মন দ্বারা তাদের থেকে পৃথক থেকো। কেননা, মানুষের জন্য তো তা-ই রয়েছে যা সে উপার্জন (আ'মল) করে। আর সে যাকে ভালোবাসে, কিয়ামতের দিন সে তার সাথেই থাকবে।[1]

ফুটনোট

[1] তাহকীকঃ এর সনদ সহীহ।



তাখরীজ: মুহাক্বিক্ক এর কোনো তাখরীজ করেননি-অনুবাদক।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন